

চিঠি

ঘাসে বসে চিঠি লিখছে দেহাতি লোক
ঘাসের উপর পা মেলেছে বোবা আলো
এদিক ওদিক ফড়িং নাচে চড়াই ওড়ে
খোলা পায়ের জুতোজোড়া ঘাসেই পড়ে।
র মধ্যে পড়ছে ঢুকে একটা দুটো
কলের বাঁশি, গাড়ির আওয়াজ, ঘাসের কুটো
থেকে থেকে ঘাসের উপর পড়ছে এসে
মাথার ঘাম কি চিঠির থেকে শব্দ খসে।
কনুই ছুঁয়ে গঙ্গামাটি কলিকাতার
মুলুক যে তার সে - ও আহা গঙ্গাকিনার
উবু হয়ে চিঠি লিখছে দেহাতি লোক
র উপর ঝুঁকে আছে বোবা আলো।

রজতকান্তি সিংহচৌধুরী

